দৈনিক ইত্তেফাক

253

তারিখ ...
পৃষ্ঠা ৪ ... কলাম ... ৫ ...

## সরকারী উচ্চ বিদ্যালয়ে শিক্ষক নিয়োগ প্রসঙ্গে

গত বৎসর এপ্রিল মাসে সরকারী উচ্চ বিদ্যালয়সমূহের মোট ৩০০ শূন্য পদ পূরণের জন্য বিজ্ঞপ্তি দেওয়া হয়। সারা দেশের হাজার হাজার উচ্চ শিক্ষিত বেকার চাকুরী নামক সোনার হরিণ ধরিবার আশায় ১০০/- টাকার ব্যাংক ড্রাফটসহ প্রায় ২০০-৩০০ টাকা খরচ করিয়া দরখাস্ত করে। দীর্ঘ এক বৎসর দুই মাস সময়ের মধ্যে লিখিত এবং মৌখিক পরীক্ষা শেষ করিয়া গত মে মাসে মাত্র ২১৯ জনের নিয়োগ চূড়ান্ত করা হইয়াছে। বাকি ৮১ জনকে নিয়োগ দেওয়া হয় নাই। প্রশ্ন হইতেছে, যদি ২১৯টিই শূন্য পদ হইবে তবে নিয়োগ বিজ্ঞপ্তিতে ৩০০ উল্লেখ করা হইল কেন? বিশ্বস্ত সূত্রে জানিতে পারিলাম, অচিরেই ৪০০, ৫০০টি শূন্য পদের জন্য বিজ্ঞপ্তি দেওয়া হইবে। পূর্বের ৮১ জনকে নিয়োগ না দিয়া নূতন করিয়া বিজ্ঞপ্তি দেওয়ার হেতু বোধগম্য নয়। যেখানে নিয়োগ প্রক্রিয়া সম্পন্ন করিতে দেড়/দুই বৎসর সময় লাগে, সেখানে এতদিন বিদ্যালয়গুলিতে শিক্ষক স্বল্পতা কাজের কথা হইতে পারে না। কাজেই প্রাথমিক বিদ্যালয়ের মত উচ্চ বিদ্যালয়সমূহেও সত্বর মেধা তালিকা হইতে বাকি ৮১ জনকে নিয়োগদানের জন্য সংশ্লিষ্ট উর্ধ্বতন কর্তৃপক্ষের দৃষ্টি আকর্ষণ করিতেছি।

ম, ফ, ইসলাম,
তৌহিদ এলাহী,
বাসাবো, ঢাকা।